

## ইডেন কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে ক্লাস বর্জন ২ মার্চ প্রধানমন্ত্রীকে স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶

ইডেন মহিলা কলেজকে পূর্ণাঙ্গ স্বায়ত্বশাসিত পাবলিক বিশ্ববিদ্যালয় করার দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন চালিয়ে যাচ্ছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টা থেকে ক্লাস বর্জন এবং সামনের রাস্তা অবরোধ করে সমাবেশ করে তারা। কলেজটিকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে আগামী ২ মার্চ প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেবে শিক্ষার্থীরা। এর আগে শিক্ষামন্ত্রী বরাবর তারা স্মারকলিপি দিয়েছে।

গতকাল কলেজের সামনে রাস্তায় পাঁচ শতাধিক শিক্ষার্থী সমাবেশে অংশ নেয়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে নীলক্ষেত ও আজিমপুর মোড় ঘুরে কলেজ ক্যাম্পাসে গিয়ে শেষ হয়।

সমাবেশে বক্তারা বলে, ইডেন কলেজ একটি পাবলিক বিশ্ববিদ্যালয় হওয়ার সব যোগ্যতাই রাখে। কলেজের শিক্ষার্থী সংখ্যা, আয়তন, হল ও ঐতিহ্য সবকিছু বিবেচনা করে একে স্বায়ত্বশাসন দিলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেশনজট থেকে মুক্ত হতে পারবে শিক্ষার্থীরা। সমাবেশে বক্তারা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়।

আন্দোলনকারী শিক্ষার্থী মুক্ত বাড়ি বলেন, ধারাবাহিকভাবে আমাদের আন্দোলন চলেছে। সফল না হওয়া পর্যন্ত চলতেই থাকবে। দাবি আদায়ে আমরা আগামী ২ মার্চ প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেব।